

## রাবিতে ফের ছাত্রলীগ নেতার রগ কেটেছে শিবির

প্রতিবাদে বিক্ষোভ, সড়ক অবরোধ

■ রাজশাহী অফিস ও রাবি সংবাদদাতা  
রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলাম সাদিকের পায়ে রগ কেটে নিয়েছে দুর্বৃত্তরা। এসময় আরেক সাবেক ছাত্রলীগ কর্মী গোলাম রকানী তুফানের পায়ে ওপি করা হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের পাশে ধরমপুর হৈমুন্সিনের মোড়ে এই নৃশংস হামলার ঘটনা ঘটে।

এদিকে ঘটনার জন্য বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা ইসলামী ছাত্রশিবিরের ক্যাডারদের দায়ী করে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। পরে তারা বিশ্ববিদ্যালয়ের প্রধান ভবনের সামনে রাজশাহী-ঢাকা মহাসড়ক একতরফা অবরোধ করে রাখে।

প্রসঙ্গত, এর আগে গত ১৯ সেপ্টেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কর্মী ইনাম মেহেদী হাসানের, ২৩ আগস্ট বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ভৌহিদ আল তহিনের রগ কেটে নিয়েছিল দুর্বৃত্তরা। তারা সকলেই প্রাণে বাঁচলেও প্রতিবন্ধী জীবন কাটাচ্ছেন। গতকালের নৃশংস হামলার শিকার ছাত্রলীগ নেতা শরিফুল ইসলাম সাদিক প্রহাণের ব্যবস্থাপনা বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী।

পুলিশ ও হাসপাতাল সূত্রে জানা যায়, বেলা সাড়ে ১১টার পূর্বা ২ কলাব ৭

### রাবিতে ফের ছাত্রলীগ

২০ পৃষ্ঠার পর  
দিকে সাদিক, তুফান ও কৌশিক নামে আরেক ছাত্রলীগ কর্মী একটি ব্যাটারিচালিত অটোরিকশায় করে ক্যাম্পাসে ফিরছিলেন। অটোরিকশাটি হৈমুন্সিনের মোড়ে পৌঁছালে অজ্ঞাতনামা ৬/৭ জন দুর্বৃত্ত তাদের লক্ষ্য করে গুলিবির্ষণ করে। এরপর তারা সাদিককে ধাক্কা দিয়ে কুপিয়ে ওরুতর জখম করে এবং বাহু পায়ে রগ কেটে নিয়ে পালিয়ে যায়। এসময় দুর্বৃত্তদের ছোড়া একটি ওপি তুফানের বাম পায়ে বিদ্ধ হয়। তবে কৌশিক দৌড়ে পালিয়ে আত্মরক্ষা করতে সক্ষম হন। পরে খবর পেয়ে পুলিশ সাদিক ও তুফানকে উদ্ধার করে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়। তাদের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।